

গাইবান্ধায় এইচএসসি পরীক্ষা এক জেলার পরীক্ষার্থীর কেন্দ্র অন্য জেলায়

■ গাইবান্ধা প্রতিনিধি

দিনাজপুর শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের বিরুদ্ধে আসন্ন এইচএসসি পরীক্ষা কেন্দ্র স্থাপনে অনিয়মের অভিযোগ পাওয়া গেছে। রংপুর জেলার পরীক্ষার্থীদের গাইবান্ধায় এবং গাইবান্ধার পরীক্ষার্থীদের রংপুর ও দিনাজপুর জেলার কেন্দ্র পরীক্ষা দেয়ার ব্যবস্থা করা হয়েছে। আগামী ১ এপ্রিল

থেকে এ পরীক্ষা শুরু হবে।

এক জেলার পরীক্ষার্থীদের অন্য জেলায় পরীক্ষা দেয়ার ব্যবস্থা করে দিনাজপুর শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের ভোগ্যপূর্ণ সিদ্ধান্তে শিক্ষা সর্জনট অনেকই হতবাক হয়েছেন। গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলার কাম্বিনিয়া নুরুল হক ডিগ্রী কলেজ কেন্দ্র দেয়া হয়েছে দিনাজপুর জেলার ফোড়াঘাট আদর্শ কলেজের পরীক্ষার্থীদের। অথচ ওই কলেজে কাছই রয়েছে ফোড়াঘাট মহিলা ডিগ্রী কলেজ কেন্দ্র এবং ফোড়াঘাট ডিগ্রী কলেজ কেন্দ্র। অন্যদিকে গাইবান্ধা জেলার ধাপেরহাট শাহ আছপার আলী কলেজে নতুন কেন্দ্র দিয়ে সেখানে রংপুর জেলার চতরা কলেজের পরীক্ষার্থীদের কেন্দ্র দেয়া হয়েছে। আর চতরা কলেজ কেন্দ্র গাইবান্ধা জেলার ধাপেরহাট শাহ আছপার আলী কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা দেয়ার ব্যবস্থা করা হয়েছে। অথচ ধাপেরহাটের কাছাকাছি মাদুম্যাপুর উপজেলা সদরে দুইটি এবং পলাশবাড়ী উপজেলা সদরে তিনটি কেন্দ্র থাকার পরও শাহ আছপার আলী কলেজকে চতরা কলেজ কেন্দ্রের সাথে পরীক্ষার্থী বিনিময়ের উদ্দেশ্য নিয়ে প্রশ্ন উঠেছে।

গাইবান্ধা সরকারি কলেজ ও সরকারি মহিলা কলেজ কেন্দ্র প্রচুর আসন্ন থাকার পরও গাইবান্ধা আদর্শ কলেজ ও তুলসীঘাট কলেজে নতুন কেন্দ্র দিয়ে ওই দুই কলেজের পরীক্ষার্থী বিনিময় করা হয়েছে। শহরে দুটো কেন্দ্র থাকতেও শহরে অবস্থিত আদর্শ কলেজের পরীক্ষার্থীদের শহর ছেড়ে ৫ কি.মি. দূরে ইউনিয়ন পর্যায়ের তুলসীঘাট কলেজ কেন্দ্রে পরীক্ষা দিতে হবে। মুনসরগঞ্জ উপজেলার বেলকা ডিগ্রী কলেজ থেকে ৫ কি.মি. দূরে ধর্ষপুর আদর্শ কলেজ

ডিগ্রী কলেজ অবস্থিত। এই কেন্দ্র দুইটিতে পরীক্ষার্থী বিনিময় করা হয়েছে। এ ছাড়া বামনডাঙ্গা ও মুনসরগঞ্জ দুইটি কেন্দ্র থাকার পরও শিবরাম আমহাছ নোহাছদ হোসেন স্মৃতি কুল ও কলেজে নতুন কেন্দ্র দেয়া হয়েছে। পলাশবাড়ী উপজেলা সদরে পূর্বক তিনটি কেন্দ্র রয়েছে। তারপরও পলাশবাড়ী উপজেলার ফকিরহাট পহীদ স্মৃতি কলেজকে গোবিন্দগঞ্জ উপজেলার নাফাইহাট কলেজ কেন্দ্র দেয়া হয়েছে। অথচ একই স্থানের ফকিরহাট মহিলা কলেজকে দেয়া হয়েছে পলাশবাড়ী সরকারি কলেজ কেন্দ্রে। মাদুম্যাপুর উপজেলা সদরে দুইটি কেন্দ্র থাকলেও মাদুম্যাপুর ডিগ্রী কলেজের পরীক্ষার্থীদের ১০ কি.মি. দূরে ইউনিয়ন পর্যায়ের নসডাঙ্গা কলেজ কেন্দ্র দেয়া হয়েছে।

স্বাক্ষর: ...